গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.ssd.gov.bd

সরকারের নির্বাচনী ইশতেহার, ২০১৮ (সমৃদ্ধির অগ্রযাত্রায় বাংলাদেশ) এর লক্ষ্যমাত্রা বাস্তবায়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী :

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী<br>সচিব, সুরক্ষা সেবা বিভাগ |
| সভার তারিখ | : | ০৮/০১/২০১৯ খ্রি: |
| সময় | : | বিকাল ০৩.০০ মিনিট |
| স্থান | : | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |

উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে উপস্থাপন করা হলো।

উপস্থিত কর্মকর্তাবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কাজ আরম্ভ করেন। সরকারের নির্বাচনী ইশতেহার এর উপর আলোকপাত করে তিনি জানান, নির্বাচনী ইশতেহার এর লক্ষ্যমাত্রাসমূহ এখন সরকারি কর্মকর্তা/কর্মচারীদের জন্য সরকারি অনুশাসন। উক্ত অনুশাসন অনুসরণ করে জনস্বার্থে সরকারি কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।

০২। সভাপতি বলেন, উক্ত অনুশাসন সম্পর্কে মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীগণকে সম্যক ধারনা প্রদানের লক্ষ্যে গত ০৬/০১/২০১৯ তারিখে সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সমন্বয়ে সভা করা হয়েছে এবং ইশতেহারের কপি সকলকে সরবরাহ করা হয়েছে। পাশাপাশি ইশতেহারের কপি অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তাগণকেও দেয়া হয়েছে। ফলে এ সম্পর্কে সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তাবৃন্দ অবগত আছেন বলে তিনি জানান। এখন এই ইশতেহারের লক্ষ্যমাত্রাসমূহ ম্যাপিং করে সুরক্ষা সেবা বিভাগের কাজের সাথে এলাইন করতে হবে।

০৩। তিনি উল্লেখ করেন, সম্পূর্ণ ইশতেহারে মোট ০৭টি অংশ রয়েছে। এগুলোর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে বিশেষ অঙ্গীকার, সরকারের গৌরবোজ্জ্বল ০৫ (পাঁচ) বছর (১৯৯৬-২০০১), দিন বদলের পথে যাত্রা, উন্নয়ন ও সমৃদ্ধির পথে বিশ্বের বিস্ময় বাংলাদেশ, সরকার পরিচালনায় ০২ মেয়াদে (২০০৯-২০১৮) সাফল্য ও অর্জন এবং আগামী ০৫ (পাঁচ) বছরের (২০১৯-২০২৩) লক্ষ্য ও পরিকল্পনা, আইনের শাসন ও মানবাধিকার সুরক্ষা, দক্ষ, সেবামুখী ও জবাবদিহিতামূলক প্রশাসন, জনবান্ধব আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী গড়ে তোলা, দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি গ্রহণ, সন্ত্রাস, জঙ্গিবাদ, সাম্প্রদায়িকতা ও মাদক নির্মূল, জনগণের ক্ষমতায়ন, টেকসই ও অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন, প্রত্যেক গ্রামে আধুনিক নগর সুবিধা সম্প্রসারণ, যুবগোষ্ঠীকে সুসংগঠিত, সুশৃঙ্খল ও উৎপাদনমুখী শক্তিতে রুপান্তরকরণ, নারীর ক্ষমতায়ন, দারিদ্র বিমোচন ও বৈষম্যহ্রাস, খাদ্য নিরাপত্তা অর্জনে নিশ্চয়তা, ডিজিটাল বাংলাদেশ গড়ার স্বপ্নপূরণ, ব্লু-ইকোনমি, জলবায়ু পরিবর্তন ও পরিবেশ সুরক্ষা, এসডিজি বাস্তবায়ন কৌশল, ডেল্টা পরিকল্পনা, জাতীয় শুদ্ধাচার কৌশল ইত্যাদি। ইতোমধ্যে ডেল্টা প্ল্যানের সচেতনতামূলক পরিকল্পনার অনুলিপি মন্ত্রণালয়ের এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সকল কর্মকর্তা বরাবর প্রেরণ করা হয়েছে এবং এর উপর মন্ত্রণালয়ে সভা আয়োজন করা হয়েছে।

০৪। ইশতেহারে, ২০২১ সালের আগেই মধ্য আয়ের দেশে উন্নীত হওয়া, ২০৩০ সালে মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন, ২০৪১ সাল নাগাদ উন্নত দেশের মর্যাদা লাভ এবং ডেল্টা প্ল্যান ২১০০ বাস্তবায়নের বিষয়ে গুরুত্বারোপ করা হয়েছে।

০৫। সভায় আলোচনা হয় যে, নির্বাচনী ইশতেহারে জঙ্গিবাদ ও মাদক নির্মূল বিষয়ে বিশেষ অঙ্গীকার ব্যক্ত করা হয়েছে। মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি ও চলমান অভিযান অব্যাহত রাখা, মাদকাসক্তদের পুনর্বাসনের জন্য সরকারি অর্থায়নে সংশোধনাগারের সংখ্যা বৃদ্ধি করা, তরুনদের মাদকের ভয়াল আসক্তি থেকে মুক্ত করতে প্রতিটি জেলায় একটি করে সরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্র স্থাপন করা, বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রগুলোর সরকারি অনুদান বৃদ্ধি করা, ই-পাসপোর্ট ও ই-ভিসা চালু করা, সরকারি প্রতিষ্ঠানে ডে-কেয়ার সেন্টার স্থাপন, ই-গভর্নেন্স চালু করা ইত্যাদি বিষয়ে লক্ষ্যমাত্রা স্থির করে দেয়া হয়েছে। এ সব ক্ষেত্রে সরকারের সাফল্য তুলে ধরে বলা হয়েছে, মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি গ্রহণ করা হয়েছে, বিপুল পরিমান মাদক উদ্ধার করা হয়েছে এবং বহুসংখ্যক মাদক ব্যবসায়ীকে আইনের আওতায় আনা হয়েছে। জঙ্গিবাদ ও মাদক-কে উন্নয়ন ও প্রগতির পথে অন্তরায় বলে উল্লেখ করা হয়েছে। মাদক চোরাচালান, বেচাকেনা ও ব্যবহার কঠোর হস্তে দমন করা হচ্ছে, মাদক রোধকল্পে সাম্প্রদায়িকতা ও মাদক বিরোধী প্রতিবাদ, তৎপরতা ও সচেতনতা বৃদ্ধির পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

০৬। সভাপতি বলেন, ইতোমধ্যে মাদক নিয়ন্ত্রণ আইন, ২০১৮ প্রণয়ন করা হয়েছে এবং মাদক বিরোধী এ্যাকশন প্ল্যান প্রস্তুত করা হয়েছে। এসডিজি'র ৩.৫ নং অভীষ্ট বাস্তবায়নের লক্ষ্যে ইতোমধ্যে এ্যাকশন প্ল্যান করা হয়েছে। সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এবং শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত পরিবীক্ষণ কাঠামোতে মাদক বিরোধী কর্মসম্পাদন সূচক অন্তর্ভুক্ত করা হয়েছে।

০৭। তিনি আরো জানান, জঙ্গিবাদ এবং মাদক সন্ত্রাস পারস্পরিক সম্পর্কযুক্ত। একদিকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাধ্যমে নিয়মিত মাদক বিরোধী অভিযান পরিচালিত হচ্ছে এবং অন্যদিকে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর কর্মীবাহিনী জঙ্গিবিরোধী যৌথ অভিযানে নিয়মিত অংশগ্রহণ করছেন।

০৮। এছাড়া সরকার ন্যাশনাল ইমার্জেন্সি সার্ভিস ৯৯৯ চালু করেছেন। এই সার্ভিসে ফায়ার সার্ভিসের কর্মীবাহিনী সার্বক্ষণিক দায়িত্ব পালন করছেন। ৯৯৯ সার্ভিসে ফায়ার সার্ভিস অধিদপ্তরের অংশগ্রহণের পরিসংখ্যান পৃথকভাবে প্রস্তুত করার জন্য তিনি মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরকে অনুরোধ জানান। ই-পাসপোর্ট প্রকল্প বাস্তবায়িত হচ্ছে যার আওতায় জার্মানির উচ্চতর প্রযুক্তি বাংলাদেশে ট্রান্সফারের সুযোগ সৃষ্টি হবে।

০৯। সভাপতি জানান, সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ কর্তৃক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, শুদ্ধাচার কৌশল, সেবা পদ্ধতি সহজীকরণ, উদ্ভাবনী চর্চার ইত্যাদি কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। নির্বাচনী ইশতেহারের ০৫ (পাঁচ) বছর মেয়াদী লক্ষ্যমাত্রাকে বছর ভিত্তিক বিভাজন করে ২০১৯-২০২০ অর্থবছরের উল্লিখিত কার্যক্রমসমূহের মধ্যে বছরভিত্তিক লক্ষ্যমাত্রা অন্তর্ভুক্ত করার জন্য তিনি মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তাগণের প্রতি আহবান জানান।

১০। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(১) সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তা/কর্মচারীগণ কর্তৃক নির্বাচন ইশতেহার এর লক্ষ্যসমূহ সম্পর্কে সম্যক অবহিত থাকা;

(২) ২০১৯-২০২০ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন, উদ্ভাবনী চর্চা, সেবা পদ্ধতি সহজীকরণ, এসডিজি বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনায় ০৫ (পাঁচ) বছর মেয়াদী নির্বাচনী ইশতেহারের লক্ষ্যমাত্রাকে বছরভিত্তিক বিভাজন করে বছরভিত্তিক লক্ষ্যমাত্রা অন্তর্ভুক্ত করা এবং এ লক্ষ্যে এখন থেকে প্রস্তুতি গ্রহণ করা;

(৩) জেলা পরিদর্শনকারী টিম কর্তৃক জেলা পরিদর্শনকালে জেলা পর্যায়ের কর্মকর্তাগণকে নির্বাচনী ইশতেহারের সংশ্লিষ্ট লক্ষ্যমাত্রা সম্পর্কে সম্যকভাবে অবহিত করা এবং নিয়মিত বিষয়টির ফলোআপ করা;

(৪) সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের মাসিক সভায় নির্বাচনী ইশতেহার এর লক্ষ্যমাত্রা, গৃহীত কার্যক্রম, হালনাগাদ অগ্রগতি, ভবিষ্যৎ কর্মপরিকল্পনা ইত্যাদি বিষয়ে নিয়মিত আলোচনা করা;

(৫) নির্বাচনী ইশতেহার এর লক্ষ্যমাত্রা অর্জনের কর্মকৌশল নির্ধারণ ও এর বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণের জন্য নিম্নবর্ণিত কমিটি দায়িত্ব পালন করবে:

| ক্রমিক | নাম ও পদবি | মন্তব্য |
|---|---|---|
| ০১ | মো: জহিরুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) | আহবায়ক |
| ০২ | সৈয়দ বেলাল হোসেন<br>যুগ্মসচিব (কারা) | সদস্য |
| ০৩ | মোঃ হেলাল মাহমুদ শরীফ<br>যুগ্মসচিব (বহিরাগমন-৪) | সদস্য |
| ০৪ | সাগরিকা নাসরিন<br>উপসচিব (নিরাপত্তা-২) | সদস্য |
| ০৫ | মোহাম্মদ মাসুদুর রহমান ভূইয়া<br>উপসচিব (শৃঙ্খলা-১) | সদস্য |
| ০৬ | মুহাম্মদ আবদুল হাই মিলটন<br>সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১ ও আইসিটি) | সদস্য |

কমিটির কার্যপরিধি:

(১) মাদক বিরোধী জিরো টলারেন্স নীতি ও চলমান অভিযান অব্যাহত রাখা, মাদকাসক্তদের পুনর্বাসনের জন্য সরকারি অর্থায়নে সংশোধনাগারের সংখ্যা বৃদ্ধি করা, তরুনদের মাদকের ভয়াল আসক্তি থেকে মুক্ত করতে প্রতিটি জেলায় একটি করে সরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্র স্থাপন করা, বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রগুলোর সরকারি অনুদান বৃদ্ধি করা, ই-পাসপোর্ট ও ই-ভিসা চালু করা, সরকারি প্রতিষ্ঠানে ডে-কেয়ার সেন্টার স্থাপন, ই-গভর্নেন্স চালু করা ইত্যাদি কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতির বিষয়ে প্রতি মাসে সভা করে প্রতিটি কার্যক্রমের ফলোআপ করা;

(২) উক্ত কার্যক্রম যথাযথভাবে ফলোআপ করার নিমিত্ত ০১টি নির্ধারিত ছকে আওতাধীন দপ্তর/সংস্থা থেকে প্রতিবেদন সংগ্রহ করা;

(৩) বিবিধ।

১১। পরিশেষে, সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
১৩/০১/২০১৯
(ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী)
সচিব

স্মারক নং-৫৮.০০.০০০০.০১৪.০৬.০০১.১৯-০৭

তারিখ : ৩০ পৌষ ১৪২৫
১৩ জানুয়ারি ২০১৯

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুলিপি প্রেরণ করা হলো:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৪. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. অতিরিক্ত সচিব (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৬. মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
৭. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা
৮. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা
৯. কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, বকশী বাজার, ঢাকা
১০. যুগ্মসচিব (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১. মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১২. উপসচিব/উপপ্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩. সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৪. সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান/সহকারী সচিব/সহকারী প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ
১৫. প্রোগ্রামার, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৩/০১/২০১৯

(মুহাম্মদ আবদুল হাই মিলটন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৪৭১২৪৩৩৭